মেহেরপুরে গণিতের প্রশ্ন ফাঁসের অভিযোগে তোলপাড়

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে অর্ধবার্ষিকী পরীক্ষায় ৯ম শ্রেণীর গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। এ ঘটনায় সামাজিক যোগাযোগ মাধ্যমে তোলপাড় সৃষ্টি হয়েছে।

রবিবার মেহেরপুর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ফেসবুক গ্রুপে এ অভিযোগ তোলা হয়। অভিযোগে সাজেশন্স ও প্রশ্নপত্রের ছবি দেওয়া হয়। সেখানে উভয় প্রশ্নের মিল পাওয়া গেছে।

এ নিয়ে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ওই পোস্টে লেখা হয়েছে, তাদের পোস্টটি হুবুহু তুলে ধরা হলো। পোস্টে লেখা হয়েছে-‘প্রশ্ন ফাঁস !!

এভাবেই চলছে মেহেরপুরের সর্বোচ্চ বিদ্যাপীঠ মেহেরপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের পড়াশোনার মান উন্নয়নের কাজ। গতকাল সন্ধ্যায় সাজেশনের নামে নবম শ্রেণির গনিত প্রশ্ন তুলে দেওয়া হয় ছাত্রীদের হাতে। এরকম খবর আসলে জেলা প্রশাসন কে সাজেশন গুলোর ছবি পাঠানো হয় যাচাই করার জন্য এক্ষেত্রে স্কুলের প্রধান শিক্ষক জানাই সাজেশন এর সাথে প্রশ্নের কোন মিল নাই কিন্তু আজ পরীক্ষা শেষে আমরা দেখতে পাই সংক্ষিপ্ত প্রশ্নগুলো সব মিলতেছে এবং যে তিনটা সৃজনশীল দেয়া হয়েছে তার মধ্যে দুইটা হুবহু এসেছে।

জেলার সাংবাদিক এবং সুশীল সমাজের দৃষ্টি আকর্ষণ করছি। এভাবে চলতে থাকলে আমাদের ভাই-বোনরা নাম মাত্র শিক্ষিত হবে।’

এ বিষয়ে মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিব বলেন, এ ঘটনায় তদন্ত করা হচ্ছে । নবম শ্রেণীতে চারজন শিক্ষক গণিত ক্লাস নেন। জড়িত শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।